অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং সিনেটর শুমার সাউদার্ন টিয়ার অঞ্চলে পরবর্তী-প্রজন্মের ব্যাটারি উদ্ভাবনীমূলক কোম্পানি BAE সিস্টেমস-এর 65 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ কাজ সম্পন্ন হওয়ার ঘোষণা দিয়েছেন

BAE সিস্টেমস ভিলেজ অব এল্ডিকটে 130 টিরও বেশি নতুন এবং উচ্চ-বেতনের কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি দিয়েছে

নিউ ইয়র্ক স্টেটের ধারাবাহিক বিনিয়োগ সাউদার্ন টিয়ার অঞ্চলের সেই সামগ্রিক কৌশলকে সমর্থন করে যা পরিবেশবান্ধব জ্বালানি ব্যবস্থার ওপর গুরুত্ব দিয়ে কমিউনিটির পুনরুজ্জীবন এবং অর্থনীতি বৃদ্ধিতে সহায়ক

BAE সিস্টেমস-এর কার্যক্রমের ভিডিও পাওয়া যাবে এখানে, ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ সাউদার্ন টিয়ার অঞ্চলে BAE সিস্টেমস (BAE Systems)-এর সম্প্রসারণ প্রকল্পের প্রথম ধাপের কাজ সমাপ্তি ঘোষণা করেছেন। ব্রুম কাউন্টির ভিলেজ অব এল্ডিকটে কার্যক্রম সম্প্রসারণের জন্য কোম্পানিটি 65 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। কোম্পানিটি তাদের বিদ্যমান সাইটে মোট 150,000 বর্গফুট এলাকা যুক্ত করেছে যাতে একটি নতুন ব্যাটারি উৎপাদন লাইন, ইঞ্জিনিয়ারিং ল্যাব এবং নতুন অফিস স্পেস প্রতিষ্ঠা করা যায়। এই সম্প্রসারণের ফলে কোম্পানিটি অনসাইটে 134টি উচ্চ-বেতনের কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি দিয়েছে। BAE সিস্টেমস একটি বিশ্বব্যাপী প্রতিরক্ষা, মহাকাশ এবং নিরাপত্তা বিষয়ক কোম্পানি যার বিশ্বজুড়ে প্রায় 93,500 জন কর্মী রয়েছে। এল্ডিকটে অবস্থিত BAE সিস্টেমস-এর এই পরিকাঠামোটি ফ্লাইট ও ইঞ্জিন নিয়ন্ত্রণ থেকে শুরু করে বিদ্যুৎ এবং জ্বালানি ব্যবস্থাপনা সিস্টেম পর্যন্ত বিস্তৃত সুরক্ষা-সংবেদনশীল ইলেকট্রনিক সিস্টেমের নকশা, উন্নয়ন ও উৎপাদন করে, এগুলো বাণিজ্যিক এবং সামরিক উভয় ক্ষেত্রে আকাশ ও স্থলপথে ব্যবহারের উপযোগী, যার মধ্যে রয়েছে ফ্লাইট কন্ট্রোল, ইঞ্জিন কন্ট্রোল, মিশন সিস্টেম এবং পাওয়ার ও প্রপালশন সল্যুশন। কোম্পানিটি 2011 সাল থেকে হুরন ক্যাম্পাস (Huron Campus) সাইটে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে।

"BAE সিস্টেমস-এর ব্যবসা আরো সম্প্রসারণের এই সিদ্ধান্ত নিউ ইয়র্ক স্টেট এবং সাউদার্ন টিয়ারের জন্য আরো একটি বড় অর্জন, এই অঞ্চলটি এখন পরবর্তী প্রজন্মের ব্যাটারি উদ্ভাবন প্রচেষ্টার একটি বৈশ্বিক কেন্দ্রে পরিণত হওয়ার দিকে গভীরভাবে মনোনিবেশ করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দায়িত্ব গ্রহণের পর থেকেই আমি আপস্টেট নিউ ইয়র্কে কর্মসংস্থান ফিরিয়ে আনতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছি। অত্যন্ত সফল এই কোম্পানিটি এখানে তাদের কার্যক্রম

বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে যা এই অঞ্চলে উন্নত-মানের এবং উচ্চ-বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে; কারণ তারা সরাসরি দেখেছে নিউ ইয়র্কবাসীরা কতটা কঠোর পরিশ্রমী।"

এই প্রকল্পের মধ্যে রয়েছে BAE সিস্টেমস-এর ব্যাটারি উৎপাদন লাইনের সম্প্রসারণ, যার অন্তর্ভুক্ত রয়েছে বৈদ্যুতিক/হাইব্রিড বৈদ্যুতিক এয়ারক্রাফট এবং স্থলযানের জ্বালানি সঞ্চয় ব্যবস্থা সংশ্লিষ্ট দক্ষতার সাথে উৎপাদনের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় এবং স্থাপন। সকল পর্যায় সম্পন্ন হওয়ার পর, আধুনিকায়িত এই পরিকাঠামোটিতে একটি অত্যাধুনিক স্বয়ংক্রিয় উৎপাদন লাইন, একটি ইঞ্জিনিয়ারিং ল্যাব এবং একটি আফটার-মার্কেট সেন্টার থাকবে।

কর্মসংস্থান সৃষ্টির অঙ্গীকারের বিনিময়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এই প্রকল্পে 8.5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পারফরম্যান্স-বেজড এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম-এর মাধ্যমে সহায়তা প্রদান করছে। ব্রুম কাউন্টিও এই প্রকল্পের জন্য সহায়তা প্রদান করছে।

BAE সিস্টেমস কন্ট্রোলস অ্যান্ড অ্যাভিওনিক্স সল্যুশনস-এর ভাইস প্রেসিডেন্ট ও জেনারেল ম্যানেজার Jack Stevens (জ্যাক স্টিভেন্স) বলেন, "এই পরিকাঠামোটির সম্প্রসারণ সাউদার্ন টিয়ারের প্রতি আমাদের অঙ্গীকারকে আরো সুদৃঢ় করে এবং ব্যাটারি উদ্ভাবনের জন্য একটি আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠার বিষয়ে নিউ ইয়র্ক স্টেটের যে লক্ষ্য রয়েছে, তার ওপর ভিত্তি করেই এটি তৈরি করা হয়েছে। এই বিনিয়োগের মাধ্যমে, আমরা পরবর্তী প্রজন্মের হাইব্রিড/ইলেকট্রিক এয়ারক্রাফটের উদীয়মান চাহিদাবলি পূরণে আমাদের সক্ষমতা আরো বৃদ্ধি করব।"

পরবর্তী-প্রজন্মের ব্যাটারি উদ্ভাবন প্রক্রিয়াকে শক্তিশালীকরণ

গভর্নর Hochul (হোকল) এবং মার্কিন সিনেটের মাইনরিটি লিডার Chuck Schumer (চাক শুমার) এই কোম্পানির সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন, এই প্রকল্পটি নিউ ইয়র্কের সাউদার্ন টিয়ার অঞ্চলে এগিয়ে নিয়ে যাওয়া নিশ্চিত করতে তারা কোম্পানির কর্মকর্তাদের সাথে নিবিড়ভাবে কাজ করেছেন, এই অঞ্চলটি পরবর্তী-প্রজন্মের জ্বালানি প্রচেষ্টাকে সহায়তায় বিশেষভাবে মনোনিবেশ করছে — যা গভর্নর এবং সিনেটরের প্রধান অগ্রাধিকার।

2024 সালের জানুয়ারিতে, গভর্নর এবং সিনেটর ঘোষণা করেছিলেন যে ইউ.এস. ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন (U.S. National Science Foundation) নিউ এনার্জি নিউ ইয়র্ক (New Energy New York, NENY) স্টোরেজ ইঞ্জিনকে একটি রিজিওনাল ইনোভেশন ইঞ্জিন (NSF Engine) হিসেবে মনোনীত করেছে যা সিনেটরের দ্বিপক্ষীয় চিপস অ্যান্ড সায়েন্স ল (CHIPS & Science Law)-এর মাধ্যমে তৈরি করা হয়েছে। সাউদার্ন টিয়ার অঞ্চলের বিংহ্যামটন ইউনিভার্সিটি (Binghamton University)-তে অবস্থিত এই NENY স্টোরেজ ইঞ্জিন প্রথম দুই বছরের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত এবং 10 বছরে 160 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ফেডারেল অর্থায়ন পাবে, এর লক্ষ্য হলো এমন একটি হাব প্রতিষ্ঠা করা যা উদ্ভাবন, প্রযুক্তির রূপান্তর এবং দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে দেশীয় ব্যাটারি শিল্পের সক্ষমতা বৃদ্ধি করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট প্রকল্পের প্রথম পাঁচ বছরের জন্য 20 শতাংশ পর্যন্ত সমপরিমাণ অর্থ প্রদান করবে এবং সেই সাথে প্রতিষ্ঠিত কর্মসূচিগুলোর মাধ্যমে সহায়তা প্রদান করবে। NENY স্টোরেজ ইঞ্জিনটি এর বৈচিত্র্যময় এবং বহুমুখী কোয়ালিশনের

জন্য নির্বাচিত হয়েছে যা ব্যাটারি প্রযুক্তির উদ্ভাবন, জনশক্তি উন্নয়ন এবং উৎপাদন ব্যবস্থাকে এগিয়ে নিয়ে একটি শীর্ষস্থানীয় ইকোসিস্টেম গড়ে তুলবে যা মার্কিন জাতীয় নিরাপত্তা এবং বৈশ্বিক প্রতিযোগিতায় সহায়তা করবে।

মার্কিন সিনেটর Chuck Schumer (চাক শুমার) বলেন, "যেহেতু আমরা আমেরিকার ব্যাটারি বেল্ট-এ BAE সিস্টেমস-এর আরো একটি সংযোগ উদযাপন করছি তাই BAE সিস্টেমস-এর আজকের এই রোমাঞ্চকর সম্প্রসারণটি সাউদার্ন টিয়ারের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। 65 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পের মাধ্যমে 130টি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং একটি নতুন ব্যাটারি উৎপাদন লাইন, গবেষণামূলক ল্যাব এবং অফিস স্পেস চালু হবে। BAE সিস্টেমস-এর একটি বিশ্বমানের কর্মীবাহিনী রয়েছে যারা দেশের সেরা ইলেকট্রনিক সিস্টেম তৈরি করে। এই নতুন উৎপাদন লাইন ব্যাটারি সাপ্লাই চেইনকে বিদেশ থেকে দেশে ফিরিয়ে আনতে সাহায্য করবে যা ব্যাটারি উৎপাদনে সাউদার্ন টিয়ারের নেতৃত্বকে শক্তিশালী করবে এবং আপস্টেট NY-তে ব্যাটারি শিল্পের ভবিষ্যৎ গড়ে তুলবে। আপস্টেট NY-তে ব্যাটারি শিল্পের প্রসারের জন্য আমি কয়েক কোটি ডলার বিনিয়োগ নিশ্চিত করতে লড়াই করেছি এবং ব্যাটারি প্রযুক্তির পরবর্তী বড় উদ্ভাবনগুলো যেন এখানে আপস্টেট নিউ ইয়র্কেই সম্পন্ন হয় তা নিশ্চিত করতে আমার প্রচেষ্টা অব্যাহত রাখব।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "পরবর্তী-প্রজন্মের পরিবেশবান্ধব জ্বালানি সংশ্লিষ্ট কোম্পানিগুলোর প্রতি গভর্নর Hochul (হোকল)-এর কৌশলগত সমর্থন সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে এই গতিশীল শিল্পের উপস্থিতিকে আরো শক্তিশালী করছে। সাউদার্ন টিয়ারে BAE সিস্টেমস-এর এই সম্প্রসারণ নতুন কর্মসংস্থান এবং সুযোগ সৃষ্টি করছে যা ব্যাটারি প্রযুক্তি উদ্ভাবনে এই অঞ্চলের নেতৃত্বদানকারী ভূমিকাকে আরো এগিয়ে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু বিষয়ক এজেন্ডা
নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু বিষয়ক এজেন্ডা একটি সাশ্রয়ী এবং ন্যায়সঙ্গত রূপান্তরের জন্য আহ্বান জানাচ্ছে যা পরিবেশবান্ধব জ্বালানি-ভিত্তিক অর্থনীতির দিকে এগোবে, পরিবারের জন্য টেকসই কর্মসংস্থান সৃষ্টি করবে, সবুজ বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক বৃদ্ধি ত্বরান্বিত হবে এবং অন্তত 35 শতাংশ পিছিয়ে পড়া কমিউনিটির জন্য ব্যয় হবে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে এমিশনমুক্ত অর্থনীতি অর্জনের জন্য বেশ কিছু উদ্যোগকে অগ্রসর করছে, যার মধ্যে এনার্জি, ভবন, পরিবহন ও বর্জ্য খাত আছে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি-এর প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "সাউদার্ন টিয়ারে BAE সিস্টেমস-এর সম্প্রসারণ কাজ সমাপ্ত হওয়া এটাই প্রমাণ করে যে, উন্নত ব্যাটারি প্রযুক্তিতে গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ কিভাবে স্থানীয় সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করছে, কর্মসংস্থান সৃষ্টি করছে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করছে। এই মাইলফলকটি উদ্ভাবনের ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্বকে আরো সুসংহত করে এবং জ্বালানি সঞ্চয় সংক্রান্ত গবেষণা, উন্নয়ন ও বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA)-এর চলমান সহায়তার পরিপূরক হিসেবে কাজ করে।"

স্টেট সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "পরবর্তী-প্রজন্মের জ্বালানি সংশ্লিষ্ট প্রচেষ্টা এবং ব্যাটারি উদ্ভাবনে জাতিকে নেতৃত্ব দিতে সাউদার্ন টিয়ার প্রস্তুত। এই প্রকল্পটি ব্যাটারি উৎপাদন প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে এবং এন্ডিকটে অন-সাইটে 134টি পর্যন্ত ভালো-বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে। ব্রুম কাউন্টিতে উদ্ভাবন এবং কর্মসংস্থানের প্রতি BAE সিস্টেমস-এর অঙ্গীকারকে আমি সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি মেম্বার Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "BAE-এর সাম্প্রতিক এই সম্প্রসারণ আমাদের ক্রমবর্ধমান ব্যাটারি উদ্ভাবন এবং উৎপাদন কেন্দ্রের জন্য একটি মূল্যবান সংযোজন। ইলেকট্রিক/হাইব্রিড বাস এবং এয়ারক্রাফটের ব্যাটারি তৈরির জন্য সজ্জিত তাদের এই নতুন প্রোডাকশন লাইন আমাদের কমিউনিটিকে পরিবেশবান্ধব-জ্বালানি সংশ্লিষ্ট প্রযুক্তি এবং কর্মশক্তি উন্নয়নে একজন নেতা হিসেবে আরো সুপ্রতিষ্ঠিত করেছে। সাউদার্ন টিয়ারে ক্রমাগত বিনিয়োগের জন্য BAE-কে ধন্যবাদ এবং এই গুরুত্বপূর্ণ কাজে নিরন্তর সহযোগিতার জন্য আমাদের সকল সরকারি অংশীদারদের কৃতজ্ঞতা জানাই।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ Jason Garnar (জেসন গার্নার) বলেন, "BAE সিস্টেমস-এর মতো কোনো কোম্পানি যখন ব্রুম কাউন্টিতে তাদের শিকড় আরো গভীরে প্রোথিত করে, তখন সেটি আমাদের জন্য গর্বের বিষয়। এই ধরনের বিনিয়োগ মানেই হলো আমাদের কমিউনিটির জন্য আরো বেশি ভালো-বেতনের কর্মসংস্থান এবং এটি ব্যাটারি সংশ্লিষ্ট প্রযুক্তি ও উৎপাদনের ভবিষ্যৎ কেন্দ্র হিসেবে ব্রুম কাউন্টির অবস্থানকে আরো সুদৃঢ় করবে। আমরা গভর্নর Hochul (হোকল) এবং সিনেটর Schumer (শুমার)-এর কাছে কৃতজ্ঞ, কারণ তারা নিশ্চিত করেছেন যে এই ধরনের সুযোগগুলো যেন আমাদের এখানে আসতেই থাকে।"

ভিলেজ অব এন্ডিকট-এর মেয়র Nick Burlingame (নিক বার্লিংম) বলেন, "ভিলেজ অব এন্ডিকটে BAE সিস্টেমস-এর ক্রমাগত বিনিয়োগ আমাদের কমিউনিটির শক্তি এবং উজ্জ্বল ভবিষ্যতের এক আদর্শ প্রতিফলন। এই সম্প্রসারণ আমাদের বাসিন্দাদের জন্য 130টিরও বেশি ভালো-বেতনের কর্মসংস্থান নিয়ে আসার পাশাপাশি পরবর্তী-প্রজন্মের জ্বালানি উদ্ভাবনে শীর্ষস্থানীয় হিসেবে এন্ডিকটের ভূমিকাকে আরো সুদৃঢ় করবে। BAE সিস্টেমস-এর সাথে আমাদের অংশীদারিত্বের জন্য আমরা গর্বিত এবং সাউদার্ন টিয়ার জুড়ে অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতার জন্য গভর্নর Hochul (হোকল) এবং সিনেটর Schumer (শুমার)-এর কাছে কৃতজ্ঞ। এই প্রকল্পটি এমন এক দূরদর্শী প্রবৃদ্ধির প্রতিফলন যা আমাদের ইতিহাসকে সম্মান জানানোর পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি শক্তিশালী, টেকসই ভবিষ্যৎ গড়ে তুলবে।"

BAE সিস্টেমস সম্পর্কে আরো তথ্য জানতে, ভিজিট করুন: https://jobs.baesystems.com/global/en/।

সাউদার্ন টিয়ারের সোরিংকে আরো বেগবান করা

আজকের ঘোষণাটি "সাউদার্ন টিয়ার সোরিংকে (Southern Tier Soaring)" সমর্থন করে, এটি হলো বড় ধরণের অর্থনৈতিক উন্নয়ন এবং কমিউনিটির বিকাশের জন্য অঞ্চলটির সার্বিক কৌশল। আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাটির উদ্দেশ্য হলো একটি মেধাবী কর্মশক্তিকে

আকৃষ্ট করা, ব্যবসার বিকাশ করা এবং নেক্সট জেনারেশনের আবিষ্কারকে সম্ভব করা। আরো তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন সংগঠন, এবং স্টেট জুড়ে ব্যবসায়িক অগ্রগতি, কর্মসংস্থান তৈরি ও বৃহত্তর অর্থনৈতিক সুযোগকে বৃদ্ধি করে। স্টেটের 10 টি এলাকায় অফিসের পাশাপাশি, ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের পরিচালনা করে, কান্নেক্টঅল (ConnectALL) অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড ইকুইটিকে সহায়তা করে এবং সৃজনশীল প্রতিভার উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতের কর্মী সংখ্যা বৃদ্ধি করছে। এই এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটে উন্নয়নের জন্য উদীয়মান ও পরবর্তী প্রজন্মের ইন্ড্রাস্ট্রি যেমন পরিবেশ বান্ধব বিদ্যুৎ ও ইলেকট্রিক পণ্য উৎপাদনের সাথে সংযুক্ত, ক্ষুদ্র ববস্য প্রতিষ্ঠানগুলিকে অগ্রগতি ও সাফল্যে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রগগুলির একটি নেটওয়ার্ক পরিচালনা করে এবং আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY)- এর মাধ্যমে স্টেটের বিশ্বামানের পর্যটন কেন্দ্রসমূহের প্রচার করে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন esd.ny.gov এবং ESD-এর সাথে যুক্ত থাকুন LinkedIn, Facebook ও X-এ, যা পূর্বে Twitter নাম পরিচিত ছিলো।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন